ঘর

যারা এক সময় আমাকে তাদের
বাইরের ঘরে বসিয়ে রাখত,
এখন তারা তাদের
ভেতরের ঘরে ডাকে।
আমার যাওয়া হয় না।

ঝড় বাদলে ছুটে গিয়ে
বরাবর আশ্রয় পেয়েছি যাদের ঘরে,
এখন আমি তাদের
বাইরের ঘরে টুকি দিয়ে চলে আসি।
আমার সময় হয় না।

দরজা খুলে আজ যখন
আমার কালকের ঘরে ঢুকতে যাই,
দেখি গতকালের ঘর
তার আগের দিনগুলোর
ঘরের ভেতর হারিয়ে গেছে।
আমার খোঁজা হয় না।

ব্রত চক্রবর্তী



Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com